গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।
http://shibchar.madaripur.gov.bd

**মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির এপ্রিল/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ পারভীন খানম
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।

সভার তারিখ ঃ ২৭-০৫-২০২৫ খ্রিঃ

সভার সময় ঃ ১০.৩০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, শিবচর, মাদারীপুর।

**সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংশ্লিস্ট রেজিস্টারে সংরক্ষিত।**

সভাপতি উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির উপদেষ্টাসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর পূর্বে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং উক্ত কার্যবিরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ | ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকলে দৃঢ়করণের বিষয়ে আলোচনা করা হয়। | ০১। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | |
| ০২ | **শিবচর উপজেলার অপরাধ চিত্রের তুলনামূলক** বিবরণী | **০১। অফিসার ইনচার্জ, শিবচর থানা কর্তৃক উপস্থাপিত মামলার বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, অক্টোবর /২০২৪ খ্রি. মাসে নারী ও শিশু নির্যাতন ০০ টি, চুরি ০০ টি, দসুত্যা ০১ টি, মাদক ০০টি, মানব পাচার ০০ টি, অগ্নি সংযোগ ০০ টি, সড়ক ০০ টি, অপহরণ ০০ টি,** মাটি ও বালুমহল ০০টি, ভূমি অপরাধ প্রতিঃ ০০ টি, **মৎস্য ০৫ টি, জাতীয় পরিচয় পত্র ০০ টি ও অন্যান্য ১৪ টি মামলাসহ মোট ২০টি মামলা রুজু হয়েছে।** | **১। অপরাধ দমনে ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে তৎপর থাকতে বে।<br>২। উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক** রাখার বিষয়ে এবং মাদক ও **চোরাচালান বন্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের কঠোর নজরদারি ও তৎপরতা অব্যাহত রাখতে হবে।** | **১। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর।** |
| ০৩ | মোবাইল কোর্ট | সড়ক পরিবহন আইন ২০১৮ এর ৯০, ৫৩ এবং ৯২ (১) ধারা মোতাবেক অভিযান করে উপজেলা নির্বাহী অফিসার শিবচর, মাদারীপুর কর্তৃক ১৬ জনকে জনকে =৫২৭০০/-(বায়ান্ন হাজার সাত শত) টাকা জরিমানা প্রদান করা হয়েছে এবং ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০,৪২ ধারা মোতাবেক অভিযান করে উপজেলা নির্বাহী অফিসার শিবচর, মাদারীপুর কর্তৃক ০৬ জনকে =১১০০০/-(এগার হাজার) টাকা জরিমানা প্রদান করা হয়েছে। | ০১। ভ্রাম্যমান আদালতের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর |
| ০৪ | মাদক ও জুয়া | সকল ইউনিয়নের মাদক ও জুয়া খেলা বিষয়ে আলোচনা হয়। | সকল ইউনিয়নের মাদক ও জুয়া খেলা বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), শিবচর, মাদারীপুর<br>৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | চুরি সংক্রান্ত | সকল ইউনিয়নের চুরি ও অটো ছিনতাই/ চুরির বিষয়ে আলোচনা করা হয়। | সকল ইউনিয়নের চুরি ও অটো ছিনতাই/ চুরির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর।<br>২। সকল ইউপিচেয়ারম্যান। |
| ০৬ | কিশোর গ্যাং ও জঙ্গিবাদ বিরোধী প্রচার প্রচারনা | কিশোর গ্যাং ও জঙ্গিবাদ বিরোধী প্রচার প্রচারনা এবং জনসচেতনতা বৃদ্ধি সংক্রান্ত আলোচনা করা হয়। | বিভিন্ন সভা সমাবেশ এবং মন্দির, মসজিদ ও স্কুল কলেজে কিশোর গ্যাং ও জঙ্গিবাদ বিরোধী প্রচার প্রচারণা এবং জনসচেতনতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), শিবচর, মাদারীপুর<br>৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর।<br>৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।<br>৫। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>৬। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর। |
| ০৭ | দফাদার ও মহল্লাদারের পাহারা সংক্রান্ত। | শিবচর উপজেলার সকল ইউনিয়নের দফাদার ও মহল্লাদার দ্বারা রাতে নিয়মিত পাহারা বিষয়ে আলোচনা। | শিবচর উপজেলার সকল ইউনিয়নের দফাদার ও মহল্লাদার দ্বারা রাতে নিয়মিত পাহারার ব্যবস্থা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), শিবচর, মাদারীপুর।<br>২।সচিব, ইউনিয়ন পরিষদ(সকল), শিবচর, মাদারীপুর। |
| ০৮ | বাল্য বিবাহ সংক্রান্ত। | বাল্যবিবাহ প্রতিরোধসহ সন্ত্রাস ও নাশকতা, যৌন হয়রানি,সন্ত্রাসী কর্মকান্ড ও জঙ্গীবাদের তৎপরতার বিষয়ে আলোচনা হয়। | বাল্যবিবাহ প্রতিরোধসহ সন্ত্রাস ও নাশকতা, যৌন হয়রানি, সন্ত্রাসী কর্মকান্ড ও জঙ্গীবাদের তৎপরতার কোন ঘটনা ঘটার সাথে সাথেই মোবাইল ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রতিমাসেই এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর।<br>৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর।<br>৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর। |
| ০৯ | বিবিধ আলোচনা | ০১) সভাপতি সভায় জানান যে, শিবচর উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। তবে উক্ত উপজেলার চারদিকের গেট ভাঙ্গা থাকায় ইদানিং আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও চুরির প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। | শিবচর উপজেলা চত্ত্বরের চারদিকে গেট মেরামত করে রাত ৮.০০ টা থেকে ভোর ৫.০০ টা পর্যন্ত বন্ধ থাকবে ও চুরি বন্ধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর।<br>৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। |
| | | ০২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এর প্রতিনিধি সভায় জানান যে, শিবচর সদর হাসপাতালে নিরাপত্তা প্রহরী না থাকায় লাইট,ফ্যান চুরি হয়েছে। | সংশ্লিষ্ট সকলকে চুরির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর।<br>৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। |
| | | ০৩) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, শিবচর উপজেলাধীন সকল ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল তবে মাদক সেবন ও মাদক বিক্রি চলছে। গোপনে অভিযান চালিয়ে এর প্রতিকার করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। | সকল ইউনিয়নে মাদক সেবন ও বিক্রি বন্ধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর।<br>২। সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান। |
| | | ০৪) উপজেলা প্রকৌশলী, শিবচর সভায় জানান যে, শিবচর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে লাইসেন্সবিহীন ও অনুমতিবিহীন বালুবহনকারী ট্রাক/ যানবাহন, চলাচলে রাস্তা ভেঙ্গে যাচ্ছে। | লাইসেন্সবিহীন ও অনুমতিবিহীনট্রাক/যানবাহন চলাচল বন্ধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর।<br>২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| | | ০৫) উপজেলা কৃষি অফিসার, শিবচর সভায় জানান যে, বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করে চলছে। বীজ ও সারের মধ্যে ভেজাল করলে মোবাইল কোর্ট পরিচালনা/অভিযান চালিয়ে এর প্রতিকার করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। | লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা ও ভেজাল বন্ধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর। ২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর। ৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। |
| | | ৫) অফিসার ইনচার্জ, শিবচর থানা, মাদারীপুর জানান যে, শিবচর উপজেলার আইন-শৃংখলা ভালো। তিনি সভায় মাদক, জুয়া, শিশু ও নারী নির্যাতন, ধর্ষণ ও চুরিসহ অন্যান্য আপরাধ প্রবনতা বৃদ্ধি পেতে পারে উল্লেখ করে সকল ইউনিয়নের দফাদার ও মহল্লাদার দ্বারা রাতে নিয়মিত পাহারা বিষয়ে জোরদারসহ সংশ্লিষ্টদেরকে গোপনে অভিযান চালিয়ে এর প্রতিকার করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। | সন্ত্রাস ও নাশকতা, যৌন হয়রানি, সন্ত্রাসী কর্মকান্ড, চুরি, ডাকাতি ও জঙ্গীবাদের তৎপরতার কোন ঘটনা ঘটার সাথে সাথেই মোবাইল ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রতিমাসেই এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর। ২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর। ৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শিবচর, মাদারীপুর। |
| | | ০৬) স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, শিবচর সভায় জানান যে, বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করে চলছে। তার কার্যালয়ে জনবল ও গাড়ি প্রয়োজনীয় তুলনায় কম থাকায় তারা সঠিক সময়ে সকল কার্যক্রম সম্পাদন করতে পারেন না বলে মোবাইল কোর্ট পরিচালনা/অভিযান চালিয়ে এর প্রতিকার করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। | লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করা বন্ধের সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর। ২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর। ৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। |
| | | ০৭) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, শিবচর উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা প্রহরী সচেতন না থাকায় কিশোর গ্যাং ও জঙ্গীবাদ বিরোধী প্রচার প্রচারনা ও চুরির প্রবনতা বৃদ্ধি পেয়েছে। | সংশ্লিষ্ট সকলকে চুরির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর। ২। সহকারী কমিশনার(ভূমি), শিবচর, মাদারীপুর। ৩। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর। |

সভাপতি জানান যে, উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। তিনি শিবচর উপজেলার প্রতিটি ইউনিয়নে নিয়মিত মাসিক আইন-শৃংখলা কমিটির সভা করতঃ উহার কার্য-বিবরণী জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার এবং ওসি, শিবচর থানা বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করেন। বাল্যবিবাহ, মাদকের ব্যাপারে তিনি ওসি, শিবচর থানার দৃষ্টি আকর্ষণ করেন। পুলিশ পেট্রোল ডিউটি আরও জোরদার করার জন্য তিনি ওসি, শিবচর থানার দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলার যেকোন স্থানে যৌন হয়রানি, মাদক সেবন, জুয়া, সন্ত্রাসী কর্মকান্ড ও জঙ্গীবাদের তৎপরতার কোন ঘটনা ঘটার সাথে সাথে তা মোবাইল ফোনের মাধ্যমে তাঁকে এবং ওসি, শিবচর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

আরও জানান যে, অল্পবয়সী ছেলেরা বেপরোয়াভাবে মটরসাইকেল চালায়। এ বিষয়ে স্কুল, কলেজে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা তৈরি করতে হবে। ড্রাইভিং লাইসেন্স, গাড়ির কাগজ ছাড়া মোটর সাইকেল এর বিরুদ্ধে মোবাইল কোর্ট অব্যাহত থাকবে। শিবচর উপজেলার সকল ইউপি দফাদার/মহল্লাদারদের স্ব-স্ব ইউনিয়নে রাত্রিকালীন পাহারা অব্যাহত রাখার জন্য তিনি ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। শীতকালে চুরির প্রবনতা বৃদ্ধির আশঙ্কা থাকায় রাত ১২.০০ টা থেকে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ প্রদান অব্যাহত রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ,শিবচর কে অনুরোধ জানান। হাসপাতালে বিভিন্ন ধরনের দালাল চক্র রোগীদের বিভিন্ন ধরনের প্রলোভন দেখিয়ে তারা প্রাইভেট ক্লিনিকে নিয়ে যায়।এতে রোগীরা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ [illegible] ও কর্মচারীগন দুর্নীতি ও ঘুষ খেয়ে ভূয়া রিপোর্ট ও সার্টিফিকেট প্রদান করে থাকেন এর বিরুদ্ধে মোবাইল কোর্ট [illegible] পরিচালনার জন্যও তিনি

...রোধ জানান। তিনি আরও জানান যে, শিবচর উপজেলায় অনেক দুর্গম এলাকা আছে, সে সকল এলাকায় পুলিশ পেট্রোল ডিউটি জোরদার করার জন্য ও... শিবচর থানার দৃষ্টি আকর্ষন করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(পারভীন খানম)
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।
ই-মেইল-unoshibchor@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪৮৭.০০০.০৭.০০৬.২৪- ৬৬১

তারিখ ঃ ২৭/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর।
০২। পুলিশ সুপার, মাদারীপুর।
০৩। অধ্যক্ষ, সরকারি বরহামগঞ্জ কলেজ, শিবচর, মাদারীপুর।
০৪। সহকারি কমিশনার(ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, শিবচর, মাদারীপুর।
০৫। অফিসার ইনচার্জ, শিবচর থানা/হাইওয়ে পুলিশ/নৌ-পুলিশ, শিবচর, মাদারীপুর।
০৬। উপজেলা.......................................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।
০৭। চেয়ারম্যান............................................... ইউনিয়ন পরিষদ(সকল), শিবচর, মাদারীপুর।
০৮। সভাপতি/ সম্পাদক, প্রেস ক্লাব, শিবচর, মাদারীপুর।
০৯। জনাব..........................................................................শিবচর, মাদারীপুর।
১০। সংরক্ষণ নথি।

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।